গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয়-শাখা

বিষয় ঃ জুন ও জুলাই/২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	বেগম শামছুন নাহার সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	২৯-০৮-২০১৬ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে গত ২৬-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও সিদ্ধান্ত ঃ

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
১.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	ক) যে সকল কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নে মন্ত্রণালয়ের অগ্রগতি মন্থর সে সকল উদ্দেশ্য জরুরী ভিত্তিতে ও দ্রুততার সাথে বাস্তবায়ন করতে হবে।	মন্ত্রণালয়ের কৌশলগত ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে অডিট নিষ্পত্তি, সি.আইপি নির্বাচন এবং বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা নিয়ে আলোচনা হয়। সভাপতি বলেন, APA এর বিষয়ে সুস্পষ্ট ধারণা না থাকায় বিগত বছর প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জন ও সিআইপি'র সংখ্যাগত বিভ্রান্তি সৃষ্টি হয়ে ছিল যার পুনরাবৃত্তি কাম্য নয়। উপসচিব (বাজেট) বলেন, অডিট আপত্তি ৫০% নিষ্পত্তির লক্ষ্যমাত্রা থাকলেও মাত্র ৩৫% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ইতোমধ্যে ত্রিপক্ষীয় সভা হয়েছে এবং অডিট অধিদপ্তরের সাথে সকল প্রকার যোগাযোগ করা হয়েছে। তবে কোনও জবাব এখনও পাওয়া যায়নি। সভাপতি অডিট নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশ দেন।	বিগত বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নে যে সকল দূর্বলতা চিহ্নিত হয়েছে, তার পুনরাবৃত্তি যেন না হয় সেদিকে সকলকে সতর্ক ভূমিকা পালন করতে হবে। এ বিষয়টি ক্লোজ করা যেতে পারে।	১। উপসচিব (বাজেট) ২। এপিএ ব্যবস্থাপনা কমিটি
	খ) এপিএ ব্যবস্থাপনা কমিটি সকল উইং চীফ এর সহযোগিতায় ২৯টি কৌশলগত উদ্দেশ্যের মধ্যে কোনটি কোন শাখার সাথে সম্পৃক্ত তা নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট উইং প্রধানকে তা বাস্তবায়নের দায়িত্ব প্রদান করতে হবে।	খ) দপ্তর/সংস্থার সাথে মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৬-২০১৭ বিগত ২৩/৬/২০১৬ খ্রিঃ তারিখে সম্পাদিত হয়েছে। ৪ আগস্ট ২০১৬ তারিখে এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ স্বাক্ষরিত হয়েছে। ইতোমধ্যে সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গত ২৪/০৮/২০১৬ তারিখ এপিএ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলের মধ্যে দায়িত্ব বিভাজন করার জন্য সভাপতি নির্দেশ দেন।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক ২০১৬-১৭ অর্থবছরের নির্ধারিত কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন।	সকল কর্মকর্তা
১.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	ক) যুগোপযোগী এবং আবশ্যিক ক্ষেত্রসমূহ চিহ্নিত করে অধিক সংখ্যক প্রকল্প নিতে হবে।	পরিকল্পনা অধিশাখার উপপ্রধান সভাকে অবহিত করেন যে, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ডকুমেন্টটি পাওয়া যাবে www.plandiv.gov.bd, www.plancomm.gov.bd ওয়েব সাইটে এবং www.google.com.bd সার্চ ইঞ্জিনে Seven Five Year Plan of Bangladesh লিখে সার্চ করে ডকুমেন্টটি পাওয়া যাবে। এছাড়া মন্ত্রণালয়ের উপ-প্রধানের দপ্তর থেকে ডকুমেন্টটি ফ্লাশ ড্রাইভে কপি	ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর মত ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচী বিষয়ক প্রকল্প গ্রহণ	কর্মসংস্থান অনুবিভাগ/ যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		করা যাবে। ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ডকুমেন্টটির যে সকল পৃষ্ঠায় অভিবাসন সংক্রান্ত বিষয়াদি বিশেষভাবে উল্লেখ করা হয়েছে তা হলো: ২৬,৪৮,৫১,৯৩,৯৭,৯৯,১১৭,১২১,১৩৩, ১৩৫, ২১০-২১২, ২৪৯-২৫৩, ৫৫২। সভাপতি বলেন, মধ্যমেয়াদী প্রকল্প গ্রহণের পাশাপাশি তাৎক্ষণিক প্রয়োজন কিংবা স্বপ্রণোদিত হয়ে উদ্ভাবনী চিন্তার আলোকে প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের উন্নয়ন ও প্ররিকল্পনা অনুবিভাগের পাশাপাশি বিএমইটিকে অধিক সংখ্যক যুগোপযোগী ও চাহিদা ভিত্তিক প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। উপসচিব (মিশন ও কল্যাণ) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচী জানান, এ বিষয়ে মন্ত্রণালয় হতে প্রকল্প নেয়া প্রয়োজন। সভাপতি এ বিষয়ে যুগ্মসচিব ও উপপ্রধান (উন্নয়ন ও পরিকল্পনা) এর দৃষ্টি আকর্ষন করেন। উপপ্রধান (পরিকল্পনা) জানান, ইতোমধ্যে বৃত্তি প্রদান সংক্রান্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে। সভাপতি বলেন, বিএমইটি বিদেশগামী মহিলা কর্মীদের আবাসিক প্রশিক্ষণ, ব্রিফিং ইত্যাদি বিষয় জোরদার ও ফলপ্রসূ করার লক্ষ্যে সময়োপযোগী প্রকল্প গ্রহণ করা যেতে পারে।	করতে হবে।	
	খ) অভিবাসী কর্মী প্রেরণে পিছিয়ে পড়া জেলাগুলো থেকে (Lagging Districts) কর্মীদের বিদেশে প্রেরণে অগ্রাধিকার দেয়ার জন্য সংশিষ্ট সকলকে চিঠি দিতে হবে।	খ) অভিবাসী কর্মী প্রেরণে পিছিয়ে পড়া জেলাগুলো থেকে (Lagging Districts) কর্মীদের বিদেশে প্রেরণে অগ্রাধিকার দেওয়ার জন্য জেলাগুলো (Lagging Districts) থেকে ন্যূনতম ৫% কর্মী নির্বাচনের বিষয়ে কোনরুপ নীতিমালা/নির্দেশনা বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩ এ উল্লেখ নাই। সভাপতি এ বিষয়ে প্রজ্ঞাপন জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্মসংস্থান অনুবিভাগকে অনুরোধ করেন।	পিছিয়ে পড়া জেলাগুলো থেকে ৫% কর্মী নির্বাচনের বিষয়ে প্রজ্ঞাপন জারীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব, কর্মসংস্থান ও শ্রমবাজার গবেষণা

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১. ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) জুন/২০১৬ এর মধ্যে অনলাইনে সিআইপি আবেদনের সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির সদস্য সচিব বলেন, ইনোভেশন কমিটির কার্যক্রমের রিপোর্ট নির্ধারিত ছকে নিয়মিত প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করছে। অনলাইনে CIP Application আহবান ও তা প্রক্রিয়াকরণের নিমিত্ত ওয়েবসাইটে যথাযথভাবে আপলোড ও সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণের জন্য অত্র মন্ত্রনালয়ের আইটি শাখার কনসালট্যান্ট ও আইটি কর্মকর্তা/কর্মচারী এবং মিশন ও কল্যাণ উইং-কে অনুরোধ করা হয়েছে। একটি সফটওয়্যার ফার্মের মাধ্যমে কার্যক্রমটি সম্পাদনের লক্ষ্যে ইতোমধ্যে এ মন্ত্রণালয়ের সেবা শাখা হতে দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সদস্য ,সচিব এ বিষয়ে আরও বলেন, দপ্তর/সংস্থার তথ্যসমূহ ও অর্জনসমূহ ওয়েব সাইটে অধিকহারে প্রকাশ করা প্রয়োজন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড-এর ব্যবস্থাপনা পরিচালক জানান, কর্মপরিকল্পনা, ২০১৬ অনুযায়ী বিমানবন্দর হতে লাশ পরিবহন ও দাফন খরচের টাকা প্রদানের সাথে সাথে কর্মীর তথ্য বিমানবন্দর থেকে সরকাসরি কল্যাণ বোর্ডের ফাইল ওপেনিং সফটওয়্যারে এন্ট্রি করার বিষয়টি সম্পন্ন হয়েছে। এছাড়া বোর্ডের কার্যক্রমকে ডিজিটাইজেশনের নিমিত্ত অটোমেশনের পদ্ধতি চালু, কল সেন্টার স্থাপন, কর্পোরেট আদলে অফিস প্রতিষ্ঠা এবং বিদেশগামী কর্মীদের বহির্গমন ছাড়পত্রের রেজিস্ট্রেশন ডিজিটাইজেশন করণের কার্যক্রম চলমান রয়েছে	ক) স্বল্পতম সময়ের মধ্যে অনলাইনে সিআইপি আবেদনের সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। খ) ওয়েব সাইটে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উল্লেখযোগ্য কার্যক্রমের তথ্যাদি আবশ্যিকভাবে আপলোড করতে হবে।	ইনোভেশন কমিটি ও সহকারী প্রোগ্রামার, আইটি সেল দপ্তর/সংস্থা (সকল)
	খ) শীঘ্রই অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির আনুষ্ঠানিক উদ্বোধন করতে হবে।	বিএমইটি'র প্রতিনিধি জানান, 'ভিসা যাচাই' অ্যাপসটি গত ৩১ জুলাই ২০১৬ তারিখে মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়ের উপস্থিতিতে উদ্বোধন করা হয়েছে।	অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির উন্নয়ন কাজ ত্বরান্বিত করতে হবে।	মহাপরিচালক, বিএমইটি
	গ) অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটি সকল ডিজিটাল সেন্টারে প্রেরণসহ ব্যাপক প্রচার করতে হবে।	বিএমইটি'র প্রতিনিধি জানান, 'ভিসা যাচাই' এ্যাপস টি গুগল প্লে স্টোর হতে ডাউনলোড করে অনলাইনে সিঙ্গাপুর, কাতার, বাহরাইন. আরব আমিরাত, সৌদি আরবের ভিসা যাচাই করা যাচ্ছে। অ্যাপসটি আরও কার্যকর করতে এর উন্নয়ন কাজ এটুআইয়ের সহায়তায় চলমান রয়েছে।	অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটি সকল ডিজিটাল সেন্টারে প্রেরণসহ ব্যাপক প্রচার করতে হবে।	মহাপরিচালক, বিএমইটি
২.২. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং	ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে।	মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন) বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ে সভাপতিত্বে গত ১২-০৭-২০১৬ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে সভার কার্যবিবরণী প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ ও ড্যাশবোর্ডে আপলোড করা হয়েছে। সকল দপ্তর/সংস্থায় নিয়মিত প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভাপতি বলেন, Expression of Interest (EOI) এর বিজ্ঞপ্তি গত ২৬ আগস্ট 'দৈনিক যুগান্তর' এবং ২৭ আগস্ট 'দি ডেইলী স্টার' পত্রিকায় প্রকাশিত হয়েছে। এ সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে। বোয়েসেল-এর ব্যবস্থাপনা পরিচালক বলেন, নির্দেশনা ৬ মোতাবেক জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত	ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে। খ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তাকে নিজ নিজ দায়িত্ব নির্ধারণ করে দিতে হবে।	প্রশাসন অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		জুলাই ২০১৬-তে জর্ডানে ৮৩৮ জন দক্ষ কর্মী, কোরিয়ায় ১৪৯ জন স্বল্প দক্ষ এবং ওমানে ৪৬ জন দক্ষ কর্মী গমন করেছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক জানান, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষায় উৎসাহ প্রদানের জন্য বিদ্যমান শিক্ষাবৃত্তির সংখ্যা ২০০ থেকে বৃদ্ধি করে ৭০০ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছর হতে ১৫০০ জনকে শিক্ষাবৃত্তি দেয়ার উদ্যোগ নেয়া হয়েছে। সভাপতি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন এবং এসডিজি এর সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তাকে দায়িত্ব নির্ধারণ করে দিতে হবে। সকলকে মনে রাখতে হবে, লক্ষ্যমাত্রা অর্জনে এবং নির্দেশনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।		
	খ) আবাসিক প্রশিক্ষণ বাধ্যতামূলক করা যায় কি-না সে বিষয়ে করণীয় সম্পর্কে মহাপরিচালক, বিএমইটি তাঁর মতামত জানাবেন।	বিএমইটি'র প্রতিনিধি বলেন, গৃহকর্মী পেশায় সৌদি আরব গমনেচ্ছু মহিলা কর্মীদের জন্য হাউজ কিপিং কোর্সে আবসিক প্রশিক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে। ২৬টি টিটিসিতে ৩০ দিন মেয়াদী হাউজ কিপিং কোর্সের ২ শিফটে মোট ৭৮৩৮ জন মহিলা গৃহকর্মীকে প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা ও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নীতিমালা প্রেরণ করা হয়েছে।	খ) আবাসিক প্রশিক্ষণ বাধ্যতামূলক করা যায় কি-না এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের নিকটবর্তী সুবিধাজনক ভবনগুলোতে ভাড়া ভিত্তিতে আবাসিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যায় কিনা সে বিষয়ে করণীয় সম্পর্কে মহাপরিচালক, বিএমইটি তাঁর মতামত জানাবেন।	মহাপরিচালক, বিএমইটি
	গ) কাতারে অন্যান্য পেশায় নারী কর্মী প্রেরণে সর্বশেষ গৃহীত পদক্ষেপ সম্পর্কে জানাতে হবে।	কাতার বাংলাদেশের অন্যতম শ্রমবাজার। বাংলাদেশের ও কাতারের মধ্যে ১৯৮৮ সালে স্বাক্ষরিত চুক্তির আওতায় কাতারে বাংলাদেশী কর্মীর অভিবাসন হচ্ছে। কাতারে অধিকহারে জনশক্তি প্রেরণের কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় কাতারের মাননীয় শ্রম ও সমাজ কল্যাণ মন্ত্রীর আমন্ত্রণে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ০৩-০৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে কাতার সফর করেন। মাননীয় মন্ত্রীর কাতার সফরের ফলশ্রুতিতে কাতারের ০৩ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল ২-৫ মার্চ, ২০১৬ তারিখে বাংলাদেশ সফর করেন এবং বাংলাদেশের প্রতিনিধিদের সাথে দু'দেশের মধ্যে বিদ্যমান যৌথ কমিটির সভার কার্যবিবরণী কাতারের প্রতিনিধিদল কর্তৃক এখনও স্বাক্ষরিত হয়নি। কার্যবিবরণী স্বাক্ষর এবং নারী গৃহকর্মী ব্যতিত অন্যান্য পেশায় নারীকর্মীসহ কর্মী নেয়ার বিষয়ে কাতারের স্থায়ী রিক্রুটিং কমিটির সভাপতির সাথে কাতারস্থ বাংলাদেশ শ্রম উইং এর কাউন্সিলর যোগাযোগ রাখছেন। এছাড়া বাংলাদেশস্থ কাতারের দূতাবাসের সাথেও যোগাযোগ রাখা হচ্ছে।	গ) কাতারে অন্যান্য পেশায় নারী কর্মী প্রেরণে সর্বশেষ গৃহীত পদক্ষেপ সম্পর্কে জানাতে হবে।	যুগ্মসচিব, কর্মসংস্থান ও শ্রমবাজার গবেষণা
২.৩. অডিট আপত্তি সংক্রান্ত	নির্ধারিত ছকে অডিট আপত্তির অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	সভাপতি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা মোতাবেক অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।	অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সকল ডকুমেন্ট/তথ্যাদি সচিব বরাবর উপস্থাপন করতে হবে।	উপসচিব (বাজেট)
২.৪. দপ্তর ও	প্রতিমাসে নিয়মিত সভা	[illegible]		

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
প্রতিমাসে সমন্বয় সভা অনুষ্ঠান	করতে হবে। SDG, 7Th 5year plan ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি বিষয়ে আলোকপাত করতে হবে।			
২.৫ ভিজিলেন্স টাস্কফোর্স এর কার্যক্রম পরিচালনা	ক) টাস্কফোর্সের অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	ভিজিলেন্স টাস্কফোর্স ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা হয়েছে। গত ২০-০৭-২০১৬ এবং ২৭-০৭-২০১৬ তারিখে টাস্কফোর্সের সভা ও অভিযান পরিচালনা করা হয়েছে। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) আরো জানান, ১জন মাত্র কর্মকর্তার মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা থাকায় আকস্মিক অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা ব্যাহত হচ্ছে। সভাপতি মন্ত্রণালয়ের উক্ত অনুবিভাগকে আরও ২ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রদানের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দেয়ার জন্য উইং চীফ (প্রশাসন) এর দৃষ্টি আকর্ষণ করেন।	২ জন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা প্রদানের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগ
২.৬ অনিষ্পন্ন বিষয়	ক) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী সকল চিঠি নিষ্পত্তি করতে হবে। খ) সকল শাখায় শাখা ডায়েরি ব্যবহার করতে হবে।	সভাপতি বলেন, মন্ত্রণালয়ের কাছে দপ্তর/সংস্থার কয়টি বিষয় অনিষ্পন্ন আছে তার বিস্তারিত বিবরণসহ জানা দরকার। একই ভাবে দপ্তর/সংস্থার কাছে মন্ত্রণালয়ের সকল অনুবিভাগের কি কি বিষয় পেন্ডিং আছে তার তালিকা সভায় উপস্থাপন করতে হবে। এ দৃষ্টিকোণ থেকে ১টি ছক তৈরী করে সংশ্লিষ্ট সকলকে সরবরাহ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১. মন্ত্রণালয়ের কাছে দপ্তর/সংস্থার পেন্ডিং তালিকা সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। ২. দপ্তর/সংস্থার কাছে এ মন্ত্রণালয় কোন অনুবিভাগের কয়টি পেন্ডিং তার তালিকা সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	উপসচিব (প্রশাসন)

দপ্তর/সংস্থা :

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৩.১ মামলা সংক্রান্ত	ক) মন্ত্রণালয়ের আইন সেল গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সভাপতি বলেন, মন্ত্রণালয়ের আইন সেল গঠনের অনুমতি পাওয়া গিয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) মন্ত্রণালয়ের আইন সেল গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগ
	খ) মন্ত্রণালয়, বিএমইটি, বোয়েসেল, ওয়েজ অর্নার্স কল্যাল বোর্ড এবং প্রবাসী কল্যাল ব্যাংক নতুন ছকে (ছক-৪) মামলার তথ্যাদি সমন্বয় শাখায় প্রেরণ করবে।	সভায় উপস্থাপিত মামলা সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মামলা নিষ্পত্তির জন্য সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানান	মন্ত্রণালয়, বিএমইটি, বোয়েসেল, ওয়েজ অর্নার্স কল্যাল বোর্ড এবং প্রবাসী কল্যাল ব্যাংক নতুন ছকে (ছক-৪) মামলার তথ্যাদি সমন্বয় শাখায় প্রেরণ করবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩.২. টিটিসি, আইএমটি, রিক্রুটিং এজেন্সী, ও বিমানবন্দর ইত্যাদি এর কার্যক্রম পরিদর্শন	জুন, ২০১৬ এর মধ্যে বরিশাল টিটিসি থেকে বিভাগীয় স্বাস্থ্য কর্মকর্তার কার্যালয় ও পুলিশ রেঞ্জ অফিস সরিয়ে নেয়ার বিষয়ে প্রশিক্ষণ অনুবিভাগ ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী সমন্বয় সভায় অগ্রগতি জানাবেন।	বিএমইটি'র প্রতিনিধি বলেন, বরিশাল টিটিসি থেকে বিভাগীয় স্বাস্থ্য কর্মকর্তার কার্যালয় ও পুলিশ রেঞ্জ অফিস সরিয়ে নেয়ার বিষয়ে মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে সর্বশেষ অবস্থার বিষয়ে টিটিসি, বরিশালের অধ্যক্ষ জানান উল্লিখিত অফিসসমূহের নিজস্ব ভবন নির্মাণ কাজ শেষ হলে তাঁরা অফিস সরিয়ে নেবেন বলে মৌখিকভাবে জানিয়েছেন। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার অফিস অন্যত্র সরিয়ে নেয়া হয়েছে তবে তাঁরা অদ্যাবধি অডিটরিয়াম ব্যবহার করছেন।	বরিশাল টিটিসি থেকে বিভাগীয় স্বাস্থ্য কর্মকর্তার কার্যালয় ও পুলিশ রেঞ্জ অফিস সরিয়ে নেয়ার বিষয়ে প্রশিক্ষণ অনুবিভাগ ব্যবস্থা গ্রহণ করবে। বিষয়টি ক্লোজ করা যেতে পারে।	যুগ্মসচিব (প্রশিক্ষণ)/ মহাপরিচালক, বিএমইটি

ওয়েজ অ, র্ন কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৪.১. বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান	ক) নির্ধারিত ছক মোতাবেক (ছক-৫) তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করতে হবে।	নির্ধারিত ছক- ৫ অনুযায়ী তথ্য ওয়েব সাইটে আপলোড এবং সমন্বয় অধিশাখায় প্রেরণ করা হয়েছে। সভাপতি এ কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানান।	নির্ধারিত ছক মোতাবেক (ছক-৫) তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করতে হবে।	মহাপরিচালক, কল্যাণ বোর্ড
	খ) রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে ডেথ কেসের বিষয়ে যে সফটওয়্যার তৈরী করা হয়েছে, তা সংগ্রহের অগ্রগতি পরবর্তী সভায় জানাতে হবে।	খ) রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে ডেথ কেস সংক্রান্ত যে সফটওয়্যার তৈরী করা হয়েছে, তা প্রেরণের জন্য দূতাবাসে পত্র প্রেরণ করা হয়েছে।	রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে ডেথ কেসের বিষয়ে যে সফটওয়্যার তৈরী করা হয়েছে, তা সংগ্রহের অগ্রগতি পরবর্তী সভায় জানাতে হবে।	মহাপরিচালক, কল্যাণ বোর্ড

বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৫.১. বোয়েসেলের কার্যক্রম	ক) বিবেচ্য মাসে কোন কোন দেশে কোন ক্যাটাগরির কতজন কর্মী বিদেশ গমন করেছে তার বিবরণ সংসদ ও সমন্বয় শাখায় প্রেরন করতে হবে। খ) প্রতি সমন্বয় সভায় নতুন শ্রমবাজার অনুসন্ধানের অগ্রগতি উপস্থাপন করতে হবে।	ক) বোয়েসেলের মাধ্যমে অধিক হারে কর্মী নিয়োগ এবং নতুন শ্রম বাজার অনুসন্ধানের লক্ষ্যে মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক বোয়েসেল-এর মহাব্যবস্থাপক জনাব মো: রাশিদুল ইসলাম, ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) জনাব মো: ওয়াহিদুর রহমান এবং ব্যবস্থাপক (বৈদেশিক নিয়োগ) জনাব নোমান চৌধুরী এর সমন্বয়ে গঠিত একটি প্রতিনিধিদল গত ৫ জুলাই হতে ১২ জুলাই জর্ডান সফর করেছে এবং মন্ত্রণালয় এবং বোয়েসেলের প্রতিনিধির সমন্বয়ে অপর একটি দল কাতার সফর করেছে। এরূপ পৃথক একটি প্রতিনিধিদল শীঘ্রই মরিশাস সফর করবেন।	ক) বিবেচ্য মাসে কোন কোন দেশে কোন ক্যাটাগরির কতজন কর্মী বিদেশ গমন করেছে তার বিবরণ সংসদ ও সমন্বয় শাখায় প্রেরন করতে হবে। খ) প্রতি সমন্বয় সভায় নতুন শ্রমবাজার অনুসন্ধানের অগ্রগতি উপস্থাপন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল
	গ) আগামী অর্থ বছরে অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থ বছরে ১১০০০ কর্মী বিদেশে প্রেরণের লক্ষ্যমাত্রা বিষয়ে মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ পূর্বক বাস্তবায়ন করতে হবে।	খ) ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল জানান যে, মাননীয় মন্ত্রীর নির্দেশনা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও ২০১৫-১৬ এর নির্ধারিত কর্মপরিকল্পনার টার্গেটের মধ্যে সমন্বয় করে চলতি ২০১৬-১৭ অর্থ বছরে বোয়েসেল-এর মাধ্যমে কর্মী প্রেরণের টার্গেট ১১,০০০ (এগার হাজার) নির্ধারণ করা হয়েছে।	আগামী অর্থ বছরে অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থ বছরে ১১০০০ কর্মী বিদেশে প্রেরণের লক্ষ্যমাত্রা বিষয়ে মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ পূর্বক বাস্তবায়ন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল

৬. মাননীয় মন্ত্রীর নির্দেশনা : মাননীয় মন্ত্রীর বিভিন্ন সময়ে দেয়া নির্দেশনাসমূহ ২৮টি দফায় ভাগ করে তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট সকল দপ্তর হতে স্ব স্ব বিষয়ে পদক্ষেপ গ্রহণপূর্বক তার অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করা হয়েছে এবং ইতোমধ্যে তার একটি প্রতিবেদন মাননীয় মন্ত্রীকে প্রদান করা হয়েছে। বিষয়টি ক্লোজ করা যেতে পারে।

৭. বিবিধ :

৭.১ অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে অগ্রগতি পর্যালোচনা: মন্ত্রিপরিষদ বিভাগের প্রণীত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক নির্দেশিকার আলোকে প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে (উক্ত দিন বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে) নির্ধারিত ছকে প্রতিবেদন প্রেরণ করা হয়। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) জনাব মো: আকরাম হোসেন, যুগ্মসচিব এর বক্তব্য মতে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত অভিযোগ ব্যবস্থাপনা নির্দেশিকাটি সম্পর্কে সকলকে অবহিত করা প্রয়োজন। সে লক্ষ্যে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তাদের নিয়ে একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে ।

৭.২ **Sustainable Development Goal (SDG)** ঃ SDG সংক্রান্ত বিষয় নিয়ে যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) মহোদয়কে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে কমিটির ১ম ও ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। একটি খসড়া এ্যাকশন প্লান প্রণয়ন করে তা সাধারণ অর্থনীতি

Development Goal (SDG) সম্পর্কে সকল কর্মকর্তার সুস্পষ্ট ধারণা থাকা দরকার। ইতোমধ্যে এ বিষয়ে একটি কর্মশালা আয়োজন করা হয়েছে। SDG এ.. ইন্ডিকেটর নির্ধারণপূর্বক পরিকল্পনা কমিশনে যথাসময়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি SDG এর কার্যক্রম বাস্তবায়নে সকল কর্মকর্তাকে দায়িত্ব নির্ধারণ করে দেয়ার নির্দেশনা প্রদান করেন।

৭.৩ কর্মচারীদের যাতায়াতের জন্য স্টাফ গাড়ি/বাস ভাড়া : সভাপতি বলেন, কর্মচারীগণ দূর-দূরান্ত হতে অফিসে আসেন। এ মন্ত্রণালয় সচিবালয়ের বাইরে অবস্থিত হওয়ায় সচিবালয়ের কর্মচারীদের মত তাদের অফিসে আনা নেয়ার জন্য কোন বাস নেই। সরকারী কাজের স্বার্থে মন্ত্রণালয়ের কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে বাজেটে বরাদ্দ সাপেক্ষে অনতিবিলম্বে স্টাফ বাসের ব্যবস্থা করার জন্য তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন)কে নির্দেশনা প্রদান করেন।

অত:পর আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

(বেগম শামছুন নাহার)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়